# দৈনিক ইত্তেফাক

তারিখ 12 OCT 1992
পৃষ্ঠা ৩ কলাম ৩

## সরকার শিক্ষকদের দাবী-দাওয়ার ব্যাপারে আন্তরিক নন

............ পলিটেকনিক শিক্ষক সমিতি

ইত্তেফাক রিপোর্ট ॥ অব্যাহত ধর্মঘট কর্মসূচীর ২০তম দিনে গত শনিবার পলিটেকনিক শিক্ষক সমিতি জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বলিয়াছে, সরকার শিক্ষকদের দাবী-দাওয়ার প্রতি আন্তরিক নন। ২০ দিনের ব্যবধানেও সংকট নিরসনের ব্যাপারে কোন উদ্যোগ গ্রহণ করা হয় নাই। একটি গণ-তান্ত্রিক সরকারের নিকট ইহা প্রত্যাশা করা যায় না। সমিতির সাধারণ সম্পাদক শামসুর রহমান সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। সমিতির সভাপতি খন্দকার শাহাব

( ৬ষ্ঠ পৃঃ দ্রঃ)

## শিক্ষকদের দাবী

(৩য় পৃঃ পর)

উদ্দিন মাহমুদ, আবদুল রউফ, এম ইদরীস আলী, এস, এম এ রহমান, নির্মল চন্দ্র শিকদার প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, সরকার কারিগরি শিক্ষার প্রতি যথেষ্ট অবেহলা দেখাইতেছে। দীর্ঘ ৭ বৎসর ধরিয়া শিক্ষকদের পদোন্নতি দেওয়া হইতেছে না। ফলে সারাজীবন একই পদে দায়িত্ব পালনের পর একজন শিক্ষককে অবসর গ্রহণ করিতে হইতেছে। সাংবাদিক সম্মেলনে এডহক শিক্ষকদের নিয়মিতকরণ, জুনিয়র ইনষ্ট্রাক্টরদের গেজেটেড পদ মর্যাদা প্রদান, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণের জন্য বর্ধিত বেতন প্রদান, যুগোপযোগী চাকুরী কাঠামো প্রণয়ন, পলিটেকনিক শিক্ষার সম্প্রসারণ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে স্নাতকোত্তর কোর্স ও পোষ্ট গ্রাজুয়েট কোর্সের চালু, ছাত্র-ছাত্রীদের বকেয়া বৃত্তির টাকা পরিশোধসহ ১০ দফা দাবীর বাস্তবায়ন না হওয়া পর্যন্ত শিক্ষক ধর্মঘট অব্যাহত রাখার আহ্বান জানান হয়।

### কর্মসূচী

১০ দফা দাবী আদায়ের লক্ষ্যে সাংবাদিক সম্মেলনে ২৫শে অক্টোবর হইতে ৩০শে অক্টোবর পর্যন্ত পলিটেকনিক শিক্ষকদের কালোব্যাজ ধারণ, ২৫শে অক্টোবর জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মুখে অবস্থান ধর্মঘট এবং চলতি মাসের শেষ সপ্তাহে ঢাকায় শিক্ষক মহাসমাবেশ ও সংসদ অভিমুখে বিক্ষোভ মিছিল কর্মসূচী ঘোষণা করা হয়।

15